দৈনিক ইত্তেফাক

তারিখ ... FEB. 3 .. 1999 ... ...
পৃষ্ঠা ৬ কলাম ১......

# নীলফামারী জেলাকে নিরক্ষরমুক্ত করার উদ্যোগ

নীলফামারী সংবাদদাতা ।। নীলফামারী জেলার ৬টি থানার ২টি পৌরসভাসহ ৬৩ টি ইউনিয়নের মোট ৩ লক্ষ ৩৯ হাজার মানুষকে নিরক্ষরমুক্ত করার কার্যক্রম চলতি বৎসরের মধ্যেই সম্পন্ন করার উদ্যোগ দেওয়া হইয়াচে।

মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০০২ সালের মধ্যে গোটা দেশকে নিরক্ষরমুক্ত কার্যক্রমের আওতায় নীলফামারী জেলার ৬টি থানার নীলফামারী ও সৈয়দপুর পৌরসভাসহ মোট ৬৩টি ইউনিয়নে মোট ৩ লক্ষ ৩৮ হাজার ৯৬১ জনকে নিরক্ষর হিসাবে চিহ্নিত করা হয়। গত অর্থ বৎসর জেলার জলঢাকা ও কিশোরীগঞ্জ থানার মোট ৮০ হাজার মানুষকে নিরক্ষরমুক্ত করা হয়। চলতি বৎসরে জেলার ডোমার, ডিমলা, সৈয়দপুর ও সদর থানাসহ নীলফামারী পৌরসভা, সৈয়দপুর পৌরসভা এবং জলঢাকা ও কিশোরগঞ্জ থানার অবশিষ্ট ৪টি ইউনিয়নের মোট ২ লক্ষ ৫৬ হাজার ৯৬১ জনকে নিরক্ষরমুক্তকরণের কার্যক্রম শুরু হইয়াছে।

গত ৩১শে জানুয়ারী ও ১লা ফেব্রুয়ারী উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম প্রকল্পের পরিচালক পরিকল্পনা তবিবুর রহমান বিভিন্ন থানার নিরক্ষরমুক্ত কার্যক্রম পরিদর্শন করেন। তিনি জেলা প্রশাসন, থানা নির্বাহী কর্মকর্তা, ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সহিত মতবিনিময় করিয়া সর্বস্তরের মানুষের সাহায্য-সহযোগিতা কামনা করেন।